গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানশিক্ষকের কার্যালয়
গভঃ ল্যাবরেটরি হাই স্কুল, খুলনা
স্থাপিত : ১৯৬৭ খ্রিঃ
ডাকঘর : কুয়েট, খুলনা। ফোন : ০২৪৭৭৭৩৩৩২২
School Code : 3597 ★ EIIN No : 117115 ★ Center Code : 224
E-mail: govtlaboratoryhighschoolkhulna@gmail.com | Web: govtlaboratoryhsk.edu.bd

স্মারক নং- ৪৭৭ তারিখ ২৩/০৭/২০২৫

অগ্রিম কপি

**বিষয়: গভঃ ল্যাবরেটরি হাই স্কুল, খুলনা এর পরিত্যক্ত ঘোষিত "দ্বি-তল হোস্টেল ভবন" নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি প্রকাশ প্রসঙ্গে।**

উপরোক্ত বিষয়ে নিম্নস্বাক্ষরকারী সবিনয়ে এই বিদ্যালয়ের পরিত্যক্ত হোস্টেল ভবন নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি টি বহুল প্রচারের নিমিত্তে জনাবের অফিসের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করছেন।

## নিলাম বিজ্ঞপ্তি

১। কাজের নামঃ গভঃ ল্যাবরেটরি হাই স্কুল, খুলনা এর পরিত্যক্ত ঘোষিত দ্বি-তল হোস্টেল ভবন যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে নিলাম বিক্রয়।

২। আগামী ১২/০৮/২০২৫ খ্রি. তারিখের মধ্যে (ক)সংশ্লিষ্ট বিদ্যালয়ের অফিস কক্ষ অথবা (খ) থানা মাধ্যমিক শিক্ষা অফিস, খানজাহান আলী, খুলনা অথবা (গ) জেলা শিক্ষা অফিস, খুলনা থেকে অফিস চলাকালীন দিনগুলোতে বেলা ১১.০০ টা থেকে ১.০০ টার মধ্যে সিডিউল ক্রয় করা যাবে। সিডিউল এর মূল্য ১০০০/- (এক হাজার) টাকা। বিস্তারিত বিদ্যালয়ের নোটিশ বোর্ড/অফিসে/ওয়েবসাইটঃ http://www.glhsk.edu.bd তে জানা যাবে।

২৩/০৭/২০২৫
মোঃ আবু হানিফ
প্রধানশিক্ষক(ভারপ্রাপ্ত)
গভঃ ল্যাবরেটরি হাই স্কুল, খুলনা

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ,ঢাকা।

মাধ্যমঃ যথাযথ কর্তৃপক্ষ।

# গভঃ ল্যাবরেটরি হাই স্কুল, খুলনা এর সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম, জেলা প্রশাসক, খুলনা ও সভাপতি, গভঃ ল্যাবরেটরি হাই স্কুল, খুলনা

সভার স্থান : জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের সম্মেলন কক্ষ

তারিখ : ২২-০৭-২০২৫ খ্রি:

সময় : সকাল ১০:০০ মিনিট

উপস্থিতি : পরিশিষ্ট-ক (উপস্থিতি তালিকা)

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার আলোচিত বিষয় ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | বিদ্যালয়ের প্রধান শিক্ষক সভাকে জানান যে, জেলা কনডেমনেশন কমিটির ২৩/০১/২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ অনুসারে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা অফিসের ১৫/০৫/২০২৪ খ্রিঃ তারিখের ৩৭.০২.০০০০.১০৬.৪৭.০০১.২০১৯.৩৯২ নং স্মারকে কনডেম ঘোষিত জরাজীর্ণ হোস্টেল ভবন অকেজো ঘোষণা পূর্বক নিলামে বিক্রয় করার অনুমোদন দেওয়া হয়েছে। বিস্তারিত আলোচনান্তে শিক্ষা মন্ত্রনালয়ের ০৮/১২/২০১৪খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০২.০৭-১০১২ নং স্মারকে জারিকৃত পরিপত্র অনুসারে নিম্নরূপ নিলাম কমিটি গঠন করা হয়।<br><br>ক) জেলা প্রশাসক- সভাপতি<br><br>খ) নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, খুলনা জোন, খুলনা - সদস্য<br><br>গ) থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, খানজাহান আলী, খুলনা - সদস্য<br><br>ঘ) প্রধান শিক্ষক, গভঃ ল্যাবরেটরি হাই স্কুল, খুলনা - সদস্য সচিব | সভায় সদস্যদের কোন আপত্তি না থাকায় সংশ্লিষ্ট কমিটি গঠনে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ২ | প্রধান শিক্ষক জানান যে, কনডেম ঘোষিত ভবনটি নিলামে বিক্রয়ের জন্য বিধি মোতাবেক বিজ্ঞপ্তি প্রকাশ করা প্রয়োজন। তিনি আরও জানান, বিধিমালা অনুযায়ী অধিক প্রচারের নিমিত্তে নিম্নরূপ নিলাম বিজ্ঞপ্তি প্রকাশ করা যেতে পারেঃ<br><br>**<u>নিলাম বিজ্ঞপ্তি</u>**<br><br>এতদ্বারা সর্বসাধারণকে অবহিত করা যাচ্ছে যে, গভঃ ল্যাবরেটরি হাই স্কুল, খুলনা এর ক্যাম্পাসে জরাজীর্ণ দ্বিতল হোস্টেল ভবন "যেখানে যে অবস্থায় আছে" ভিত্তিতে নিলামে বিক্রয়ের লক্ষ্যে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।<br><br><u>ভবনের বিবরণ ও শর্তাদী</u><br><br>**কাজের নাম ঃ** ব্যবহার অনুপযোগী পরিত্যক্ত ঘোষিত জরাজীর্ণ দ্বিতল হোস্টেল ভবন "যেখানে যে অবস্থায় আছে" ভিত্তিতে নিলামে বিক্রয় ও অপসারণ<br><br>০১। আগামী ২৩/০৭/২০২৫ খ্রিঃ তারিখ থেকে ১২/০৮/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত সকল কার্য দিবসে সকাল ১২টা থেকে ০১টা পর্যন্ত অফেরতযোগ্য ১,০০০/- (এক হাজার) টাকা নগদ পরিশোধ করে ক) গভ ঃ ল্যাবরেটরি হাই স্কুল, খুলনা, ডাকঘরঃ কুয়েট, খুলনা অথবা খ) থানা মাধ্যমিক শিক্ষা অফিস, খানজাহান আলী (টিটিসি গেট সংলগ্ন) অথবা গ) জেলা শিক্ষা অফিস, খুলনা (ওজোপাডিকো-২ এর পাশে) থেকে দরপত্র কেনা যাবে।<br><br>০২। উক্ত নিলাম ক্রয়ের লক্ষে প্রস্তাবিত মূল্য দরপত্রে উল্লেখ করতে হবে এবং সভাপতি, জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের পক্ষে সদস্য সচিব *<u>প্রধান শিক্ষক, গভঃ ল্যাবরেটরি হাই স্কুল, খুলনা</u>* এর অনুকুলে প্রস্তাবিত মূল্যের ২৫% টাকা ব্যাংক ড্রাফট জামানত হিসেবে দরপত্রের সাথে দাখিল করতে হবে।<br><br>০৩। দরদাতাকে অবশ্যই প্রস্তাবিত দরের অতিরিক্ত বিধি মোতাবেক ভ্যাট ও উৎস কর পরিশোধ সহ ভবন অপসারণের সকল ব্যয় বহন করতে হবে। | সভায় বিস্তারিত আলোচান্তে, নিলাম বিজ্ঞপ্তি প্রকাশের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদন দেওয়া হলো। |

| | | |
|---|---|---|
| | ০৪। আগামী ১৪/০৮/২০২৫ খ্রিঃ তারিখ বিকাল ৩.০০ হতে ৪.০০ টার মধ্যে জেলা প্রশাসক, খুলনা কার্যালয়ে রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র জমা দিতে হবে এবং একই দিন বেলা ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বক্স খোলা হবে।<br><br>০৫। দরদাতার দর গৃহিত হওয়ার পর প্রয়োজনে চূড়ান্ত অনুমোদনের জন্য মহাপরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা বরাবর প্রেরণ করা হবে। অনুমোদন প্রাপ্তির পরে দরদাতাকে জানানো হবে এবং (ক) সেখান থেকে ১০ (দশ) দিনের মধ্যে ভ্যাট ও উৎস করসহ সম্পূর্ণ মূল্য পরিশোধ করে কার্যাদেশ গ্রহণ করতে হবে। (খ) কার্যাদেশ প্রদাণের তারিখ থেকে ৬০ (ষাট) দিবসের মধ্যে সংশ্লিষ্ট ভবন অপসারণ করতে হবে। দফা ক ও খ উভয় ক্ষেত্রে বা যেকোন একক ক্ষেত্রে ব্যত্যয় ঘটলে দরপত্র দাতার সাথে সম্পাদিত চুক্তি বাতিল বলে গণ্য হবে এবং তার জমাকৃত মূল্য ও সমুদয় জামানাত বাজেয়াপ্ত হবে (যেহেতু উক্ত স্থানে একটি নতুন ভবন নির্মাণের প্রকল্প আছে সেহেতু বিষয়টি অতি জরুরী)।<br><br>০৬। ভবন অপসারণের ক্ষেত্রে কোন বালি বা মাটি নেওয়া থেকে বিরত থাকতে হবে এবং অপসারিত ভবনের স্থান তার পাশ্ববর্তী স্থানের সাথে সামঞ্জস্য রেখে সমান করে দিতে হবে।<br><br>০৭। কার্যাদেশ প্রদাণের পরে চুরি বা অন্য যে কোন প্রকারের ক্ষয়ক্ষতির জন্য প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ কোন দায়-দায়িত্ব বহন করবে না।<br><br>০৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। | |
| ৩ | প্রধান শিক্ষক জানান যে, কনডেম ঘোষিত ভবনটি নিলামে বিক্রয়ের জন্য একটি সিডিউল তৈরি করা প্রয়োজন। নিম্নরূপ সিডিউল অনুমোদন করা যেতে পারে:<br><br>**সিডিউল**<br><br>কাজের নামঃ<br><br>পরিত্যক্ত ঘোষিত জরাজীর্ণ দ্বিতল হোস্টেল ভবন "যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে" নিলাম বিক্রয়।<br><br>নগদ টাকার পরিমাণ ..............................................................................<br><br>তারিখ.................................................ক্রমিক নং.............................................<br><br>মেসার্স/জনাব,..............................................................................................<br><br>ঠিকানা......................................................................................................<br><br>...............................................................................................................<br><br>...............................................................................................................<br>ফোন/মোবাইল........................................................ | বিস্তারিত আলোচান্তে, সিডিউলটি সর্বসম্মতিক্রমে অনুমোদন দেওয়া হলো। |

দরপত্র ক্রয়ের স্থান ঃ

ক) গভঃ ল্যাবরেটরি হাই স্কুল, খুলনা, ডাকঘর: কুয়েট, খুলনা অথবা

খ) থানা মাধ্যমিক শিক্ষা অফিস, খানজাহান আলী (কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র গেট সংলগ্ন) অথবা

গ) জেলা শিক্ষা অফিস, খুলনা (ওজোপাডিকো-২ এর পাশে)

দরপত্র বিক্রোর সিলসহ স্বাক্ষর ও তারিখ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| দাখিলকৃত দর | | | | টাকা- | |
| ব্যাংক ড্রাফ্‌ট (জামানত বাবদ) এর পরিমাণ | | | | টাকা- | |
| ব্যাংক ড্রাফ্‌ট এর নম্বর | | | | | |
| ব্যাংকের নাম | | ব্যাংকের শাখা | | তারিখঃ | |

দরদাতার স্বাক্ষর ও তারিখ

সিল যদি থাকে

৪ বিদ্যালয়ের প্রধান শিক্ষক সভাকে জানান যে, উক্ত ভবন নিলাম বিক্রয়ের পরে ভবন অপসারনের ক্ষেত্রে জনস্বার্থে কিছু শর্তারোপ জরুরী। যা নিম্নে উপস্থাপন করা হলো:

<u>কার্যাদেশ প্রাপ্তির পরবর্তী শর্তাবলীঃ</u>

০১। ভবনের মালামাল পরিবহনের জন্য বিদ্যালয়ের ভিতরে ট্রাক বা অন্য কোন ভারী যানবাহন প্রবেশ করানো যাবে না। সর্বোচ্চ মিনি ট্রাকের মাধ্যমে পরিত্যক্ত স্থাপনার মালামাল অপসারণ করতে হবে।

০২। শিক্ষার পরিবেশ বিঘ্ন সৃষ্টিকারী কোন যন্ত্র ব্যবহার করা যাবে না।

০৩। ভবনের মালামাল সংগ্রহ ও পরিবহনের সময় বিদ্যালয় ক্যাম্পাসের ও শিক্ষার্থীদের যাতে কোন প্রকার অসুবিধা সৃষ্টি না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে।

০৪। ক্রয়কৃত ভবন ব্যতিত অন্য কোন সম্পত্তি বা সম্পদের উপরে হস্তক্ষেপ বা ক্ষতিসাধন করা অপরাধ হিসাবে গণ্য করা হবে।

০৫। ভবনের মালামাল সংগ্রহ/পরিবহন করার ক্ষেত্রে কোনরূপ (আভ্যন্তরিন রাস্তাসহ) ক্ষয়-ক্ষতি হলে বা করলে ক্রেতাকে নিজ খরচে তা মেরামত বা সমস্যার সমাধান করতে হবে।

০৬। নিলামের দাখিলকৃত দরপত্রে একাধিক দরদাতা কর্তৃক একই মূল্য উদ্ধৃত করা হলে দরপত্র মূল্যায়ণ কমিটি কর্তৃক লটারীর মাধ্যমে একক দরদাতা নির্ধারণ করা হবে।

বিস্তারিত আলোচান্তে, উক্ত শর্তাবলী অনুমোদন দেওয়া হলো।

| | | |
|---|---|---|
| | ০৭। অত্র দরপত্রের বিজ্ঞপ্তির/সিডিউলের/কার্যাদেশের কোন শর্ত বা শর্তাবলী সংশোধন, সংযোজন, পরিবর্তন, পরিবর্ধণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। <br><br> ০৮। দরপত্র দাতাকে সকল শর্ত পুঙ্খানুপুঙ্খভাবে মেনে নিয়ে দরপত্রে অংশগ্রহণ করতে হবে। উল্লেখ্য, কোন বিষয়ে বিরোধ দেখা দিলে কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে। <br><br> ০৯। এছাড়া বিজ্ঞপ্তিতে প্রদত্ত অন্যান্য সকল শর্ত বলবৎ থাকবে। | |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদেরকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

২২/০৭

মোহাম্মদ সাইফুল ইসলাম
জেলা প্রশাসক, খুলনা
ও
সভাপতি
গভঃ ল্যাবরেটরি হাই স্কুল, খুলনা

স্মারকনং- ০৫.৪৪.৪৭০০.০২০.২৬০০০২০.২৫-৭৫৫,

তারিখ: ৭ ই শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ
২২ জুলাই, ২০২৫ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

১। উপ পরিচালক, স্থানীয় সরকার, খুলনা
২। সহকারী কমিশনার (আইসিটি শাখা), জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**
৩। জনাব মোঃ ইমরান সরদার, সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, খুলনা
৪। মোছাঃ রুমান্নাই ইয়াসমিন, থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, খানজাহান আলী, খুলনা
৫। জনাব ..........................................................................................
৬। অফিস নথি

২২/০৭/২০২৫

মোঃ আবু হানিফ
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
ও
সদস্য সচিব
গভঃ ল্যাবরেটরি হাই স্কুল, খুলনা